রঘুনাথগঞ্জ শাখায়

মাত্র ৭৫্ টাকায় রেডিও

বাকী টাকা কিস্তিতে দেয়

ইলেকট্রনিকের সকল রকম

ট্রানজিষ্টার রেডিওতে নগদ ক্রেতাদের

বিশেষ কনশেসন

ধনরাজ ব্রাদার্স এণ্ড কোং

মুরারই বীরভূম

শাখা—রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ পশ্চিমবঙ্গ

Registered

No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫৪শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৫শে পৌষ বুধবার, ১৩৭৪ ইং 10th Jan. 1968 | ৩৩শ সংখ্যা



সকল ঘরের তরে...

দীপ্তি লণ্ঠন

ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. S.

রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনব রন্ধনের ভীতি দূর করে রন্ধন প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

• ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।

• স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।

• যে কোনো অংশ সহজলভ্য।




খাস জনতা

কেরোসিন কুকার

চলবে বাচ্ছল্য ও বিপুলতা আনবে।

এই তো খেলার দিন—

ক্রিকেট, ভলিবল, ব্যাডমিণ্টন।

উল ও প্রসাধন সামগ্রী ইত্যাদি পাওয়া যায়।

পরীক্ষা প্রার্থনীয়।

কর্ম্মাধ্যক্ষ—খেলা ঘর

রঘুনাথগঞ্জ চাউলপটী, মুর্শিদাবাদ




স্কুল, কলেজ ও পাঠাগারের

মনের মত ভাল বই

সবচেয়ে সুবিধায় কিনুন।

STUDENTS' FAVOURITE

Phone—R.G.G. 44.

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২৫শে পৌষ বুধবার সন ১৩৭৪ সাল।

# প্রীতি-অনুষ্ঠান

—০—

আমাদের সামাজিক জীবনে অনেক অনুষ্ঠান, যেমন অন্নপ্রাশন, জন্মদিন, উপনয়ন, বিবাহ ইত্যাদি অনুষ্ঠিত হইয়া থাকে। বিবাহ উৎসবটাই ইহাদের মধ্যে সর্বশ্রেষ্ঠ। বৎসরে সাত মাস প্রজাপতি, শঙ্খ, মৎস্য প্রভৃতি প্রতীকের রঙ্গিন চিঠি আমাদের কাছে পৌছায়। বিশেষ করে বৎসরের এই প্রথম দিকটাই বিবাহের ভরা মরসুম। এক মাসে একাধিক চিঠিও আসে, ইহার ফলে বর্তমানে অর্থ-নৈতিক সঙ্কটের দিনে মধ্যবিত্ত এবং স্বল্পবিত্ত লোকের ঘরে কখনও কখনও সাংসারিক বাজেট বিপর্য্যস্ত হইবার উপক্রম হয়। স্বাভাবিক মাধুর্য্য হারাইয়া প্রীতির অনুষ্ঠান-গুলি একটা যান্ত্রিক নিয়ম হইয়া দাঁড়ায়। আমন্ত্রণ-কর্তা তাঁর আমন্ত্রণ-পত্রে স্পষ্টই জানাইয়া দেন যে, "লৌকিকতার পরিবর্তে আশীর্ব্বাদ প্রার্থনীয়।" লৌকিকতা যে প্রার্থনীয় নয়, ছাপার অক্ষরে তাহা ঘোষণা হওয়া সত্ত্বেও সামাজিক রীতি-নীতির খাতিরে সকলকেই লৌকিকতা রক্ষা করিতে হয়। একদিকে নিমন্ত্রিতের সমস্যা যেমন লৌকিকতা নিয়ে, অপরদিকে আবার আমন্ত্রকের সমস্যা আপ্যায়নে। নিমন্ত্রণ-পত্রে খাদ্য নিয়ন্ত্রণ আইনানুযায়ী খাদ্যের ব্যবস্থা হইবে ছাপার অক্ষরে ঘোষিত করিয়াও তিনি বিব্রত হইয়া পড়েন। আত্মীয়স্বজন, বন্ধুবান্ধব, সহকর্মী সবাইকে ডাকিয়া আনিয়া আপ্যায়িত করা তাঁহার পক্ষে দুরূহ হইয়া ওঠে। সামাজিক প্রথা রক্ষা করিতে গিয়া তাঁহার দম বাহির হইয়া যায়। এ দুর্মূল্যের বাজারে মানুষের প্রাণ রাখতেই প্রাণান্ত তার উপর সাধের সঙ্গে সাধ্যের এই গুরুতর বিরোধ। এখন প্রশ্ন উঠে বর্ত্তমান পরিস্থিতিতে এই অনুষ্ঠান-গুলি কি করিয়া সহজ, সরল এবং স্বতঃস্ফূর্ত্ত সম্মেলন করিয়া তোলা যায়। আমন্ত্রকের একান্ত ঘনিষ্ঠ আত্মীয়স্বজন, বন্ধুবান্ধব এবং পাড়া-প্রতিবেশীরা যদি তাঁহাদের সমবেত প্রচেষ্টায় যে কোন সামাজিক অনুষ্ঠানের ভূরিভোজের আয়োজনটিকে সাধারণ স্বাভাবিক আয়োজনে পরিবর্ত্তিত করিতে পারেন এবং আমন্ত্রক তাহার নিমন্ত্রণ-পত্রের উক্তি "লৌকিকতার পরিবর্ত্তে আশীর্ব্বাদ প্রার্থনীয়" কার্য্যে পরিণত করেন তাহা হইলে বর্ত্তমানে অর্থ-নৈতিক সঙ্কটের দিনে এ দুরূহ সমস্যাটির অনেকটা সমাধান সম্ভব হয়।

---

## বাড়ালা রামদাস সেন উচ্চতর মাধ্যমিক বহুমুখী বিদ্যালয়ের সুবর্ণ-জয়ন্তী উৎসব

—০—

গত ৮ই জানুয়ারী সোমবার বেলা ২-৩০ ঘটিকায় সুবর্ণ-জয়ন্তী উৎসব উদ্বোধন ও প্রাক্তন ছাত্র পুনর্মিলন যথারীতি অনুষ্ঠিত হয়। সভাপতি ডঃ শ্রীকুমার বন্দ্যোপাধ্যায় মহাশয় উপস্থিত ছিলেন। প্রধান অতিথি ডঃ রামচন্দ্র পাল মহাশয় আসেন নাই। সন্ধ্যা ৭ ঘটিকায় বহরমপুরের রূপশিল্পী-গোষ্ঠী কর্ত্তৃক 'ঝুমুর' ও 'পুনর্জন্ম' নাট্যাভিনয় অভিনীত হয়। অভিনয় উচ্চাঙ্গের হইয়াছিল।

গত ৯ই জানুয়ারী মঙ্গলবার বেলা ২-৩০ ঘটিকায় পুরস্কার বিতরণী সভার মনোনীত সভাপতি ও প্রধান অতিথি মহাশয়দ্বয় উপস্থিত হইতে পারেন নাই। সন্ধ্যা ৬ ঘটিকায় রঘুনাথগঞ্জের 'মিলনী' গোষ্ঠী কর্ত্তৃক 'সরাইখানাই একরাত্রি' নাটিকা ও সন্ধ্যা ৭ ঘটিকায় পশ্চিমবঙ্গ সরকারের লোকরঞ্জন শাখা কর্ত্তৃক 'বিবাহ বিভ্রাট' নাট্যাভিনয় অভিনীত হয়।

১০ই জানুয়ারী বুধবার বাৎসরিক ক্রীড়া-প্রতিযোগিতা সভার সভাপতি মহাশয় উপস্থিত হন নাই। রাত্রি ৮ ঘটিকা হইতে কলিকাতার মিলন-বীথি অপেরা কর্ত্তৃক 'সম্রাট শেরশাহ' অভিনীত হয়। অভিনয় উচ্চাঙ্গের হয় নাই বলিয়া শ্রোতারা অভিমত প্রকাশ করিয়াছেন।

---

## মিলনীর অভিনয়

গত ৮, ৯ ও ১০ই জানুয়ারী বিপুল সমারোহে বাড়ালা রামদাস সেন উচ্চতর বহুমুখী বিদ্যালয়ের সুবর্ণ জয়ন্তী উৎসব উদ্‌যাপিত হয়।

রঘুনাথগঞ্জ "মিলনী" সংস্থা ঐ বিদ্যালয়ের আমন্ত্রণে শ্রীমোহিত চট্টোপাধ্যায়ের "সরাইখানায় একরাত্রি" নাটকটি মঞ্চস্থ করে। নাটকের বিষয়বস্তু যথাযথ প্রয়োগে এবং অভিনয় কুশলতায় সমাগত বিপুল দর্শক মুগ্ধ হন। এ প্রসঙ্গে শ্রীবিনয় মিশ্রের গণেশ, শ্রীকুবের ঘোষের জগু, শ্রীসুকুমার সিংহের ইয়াকুব ও শ্রীলক্ষ্মীজনার্দ্দন হালদারের অভিনয় মনে রাখার মতো।

---

## সেবাশিবিরের সভ্য-সভ্যাগণের শারীরিক ক্রীড়াকৌশল প্রদর্শনী

গত ১০-১-৬৮ তারিখে বাড়ালা রামদাস সেন বহুমুখী বিদ্যালয়ের সুবর্ণ-জয়ন্তী উৎসব উপলক্ষে রঘুনাথগঞ্জ সেবাশিবিরের সভ্য ও সভ্যাগণ কর্ত্তৃক শারীরিক ক্রীড়াকৌশল প্রদর্শিত হয়। এই ক্রীড়াকৌশল দেখে দর্শকগণ খুব অবাক হন। যে সব খেলা দেখে দর্শকবৃন্দ সব চেয়ে আনন্দ লাভ করেন সেগুলি হলো—মেয়েদের বিভিন্ন ধরণের পিরামিড, রোলার, ব্যালান্স, আর্চ, জুডো, প্যারালাল বারের খেলা, আগুন ও ছোরার মধ্য দিয়ে লাফান, বক্সিং এবং মুর্শিদাবাদের খ্যাতনামা ভারোত্তোলন-কারীদের ভারোত্তোলন। ইহা ছাড়া আরো বিভিন্ন ধরণের ভাল ভাল খেলা দেখান হয়। এই ক্রীড়া-কৌশল প্রায় দুই ঘণ্টা ধরিয়া চলে।

---

## শিক্ষক চাই

জিনদীঘি হাই স্কুলের জন্য একজন বি-এস-সি অনার্স বা ডিষ্টিংশন অথবা ট্রেনিং প্রাপ্ত বি-এস-সি শিক্ষক প্রয়োজন ও এক বৎসরের জন্য একজন শিক্ষকের স্থানে শিক্ষক প্রয়োজন বি-এ হলেও চলিবে। নিম্ন ঠিকানায় ২৫-১-৬৮ তারিখ মধ্যে সার্টিফিকেট সহ আবেদন করুন।

সেক্রেটারী, জিনদীঘি হাই স্কুল

পোঃ তাঁতিবিড়ল, মুর্শিদাবাদ।

## পল্লীগ্রামের শিক্ষিত পরিবার

রঘুনাথগঞ্জ থানার সেকন্দরা গ্রামের শ্রীনলিনী-মোহন দাস মহাশয়ের পরিবারের উচ্চ শিক্ষিত ব্যক্তিগণের নাম ও পরিচয় নিম্নে প্রদত্ত হইল।

১। শ্রীনলিনীমোহন দাস, বি-এ, অনার্স (ইংরাজী) স্বর্ণপদক প্রাপ্ত

(ইনি গত ১৯১৫ খ্রীষ্টাব্দের প্রথম মহাযুদ্ধে মেসোপটেমিয়ার যুদ্ধক্ষেত্রে একাউণ্টস্ বিভাগে কর্ম্মরত ছিলেন। বর্ত্তমানে পেন্সন্ পাইতেছেন।)

২। ১ম পুত্র—শ্রীশশাঙ্কমোহন দাস, বি-এস-সি কলিকাতায় জি, পি, ও তে কর্ম্মরত

৩। ২য় পুত্র—শ্রীমৃগাঙ্কমোহন দাস, এম-বি-বি-এস (কলিঃ) স্বর্ণপদক প্রাপ্ত এফ, আর, সি, এস (লণ্ডন) এফ, আর, সি, এস (এডিনবার্গ) নীলরতন মেডিক্যাল কলেজের লেকচারার ও খ্যাতনামা সার্জেন।

ইহার সহধর্ম্মিণী স্কটল্যাণ্ডের মেয়ে—জিনস্ অড্রে দাস—লণ্ডন চার্চ্চিল হসপিটালের প্রাক্তন সিনিয়র মেট্রন।

৪। ৩য় পুত্র—শ্রীগৌরাঙ্গমোহন দাস, বি-এ, রেলওয়ে বিভাগে উচ্চপদে নিযুক্ত।

৫। ৪র্থ পুত্র—শ্রীপ্রভাতকুমার দাস, বি-এস-সি, বি, টি, জঙ্গিপুর উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের বায়োলজির শিক্ষক।

৬। ৫ম পুত্র—শ্রীদিলীপকুমার দাস, এম-এ (ইংরাজী) জঙ্গিপুর উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের ইংরেজী শিক্ষক।

৭। ষষ্ঠ পুত্র—শ্রীরণজিৎকুমার দাস, বি-এ

৮। জামাতা—শ্রীমুকুলরঞ্জন রায়, বি-এস-সি, বি, টি, রসায়ন-বিদ্যার ভারপ্রাপ্ত শিক্ষক, জঙ্গিপুর উচ্চতর মাধ্যমিক সর্ব্বার্থসাধক বিদ্যালয়।

---


## গৃহ-নির্ম্মাণ উপযোগী জমি বিক্রয়

রঘুনাথগঞ্জ ম্যাকেঞ্জি পার্কের দক্ষিণে ফুটবল মাঠ সংলগ্ন দশ কাঠা জমি বিক্রয় হইবে। নিম্নে অনুসন্ধান করুন। শ্রীবলরাম সাহা

মিঞাপুর চাউলের আড়ত।


## জঙ্গিপুর মহকুমার

**সদর শহর রঘুনাথগঞ্জে**

**শক্তিশালী ম্যানেজিং**

**কমিটী কর্ত্তৃক পরিচালিত**

**রঘুনাথগঞ্জ উচ্চতর মাধ্যমিক**

**বহুমুখী বিদ্যালয়ের**

## সুযোগ্য প্রধান শিক্ষক

(শ্রম-কাতর কার্য্যক্ষম?)

**মহাশয়ের**

**সুকুমারমতি ছাত্রগণের**

**অপূরণীয় ক্ষতিসাধন**

## বাৎসরিক পরীক্ষার

## প্রশ্নপত্র ফাঁস

**গত ৮ই জানুয়ারী**

## প্রমোশন

**পাঠ্য পুস্তকের তালিকা**

**দেওয়া হয় নাই**

**পার্শ্ববর্ত্তী বিদ্যালয় সমূহে**

**রীতিমত পড়া আরম্ভ হইয়াছে।**

---


## বই

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের প্রকাশিত ইংরাজী পাঠ্য বই ও পারিজাত রীডার (২য়) আমরা অনুমোদিত পাইকারী বিক্রেতা। অনুমোদিত খুচরা বিক্রেতাগণ সত্বর উক্ত বই দুইখানি আমাদের নিকট হইতে সংগ্রহ করুন।

**নতুন পাঠ্য তালিকার সব বই সব চেয়ে সুবিধায় কিনুন।**

**ষ্টুডেন্টস্ ফেভারিট,** রঘুনাথগঞ্জ


## পুলিশ ও রেলওয়েগার্ড এবং চেকারের সহায়তায় চাউল পাচারের সংবাদ

কীর্ণাহার—নানুর ও লাভপুর থানার অন্তর্গত হাটবাজার ও গ্রামাঞ্চলে সরকার নির্দ্ধারিত মূল্যে ধান ও চাউল বিক্রী সুরু হইয়াছিল। যাহাদের লেভী দেয় তাছাড়া অন্যান্য জনসাধারণও সরকার নির্দ্ধারিত মূল্যে সরকার অনুমোদিত এজেণ্ট ও সমবায় সমিতির নিকটে ধান ও চাউল বিক্রী আরম্ভ করিয়াছিল কিন্তু আজ কয়েকদিন যাবৎ বর্দ্ধমানের কাটোয়া ও মুর্শিদাবাদ হইতে কালো-বাজারী আসিয়া অধিক মূল্যে ধান ও চাউল কিনিয়া লইয়া যাইতেছে। তাহাদের দু'একজনকে জিজ্ঞাসা করায় বলিতেছে যে, রাস্তায় পুলিশ ও হোমগার্ডকে কিছুটা প্রণামী দিলেই তাহারা ছাড়িয়া দেয় ও ট্রেণের গার্ড ও চেকারকে কিছুটা প্রণামী দিয়া গার্ডের কামরায় চাউল উঠাইয়া দিলেই স্বস্থানে পৌছাইতে পারে। কীর্ণাহার বাজারে কয়েকজন কালোবাজারী আছে। তাহারাও বেশী দরে চাউল কিনিয়া ঐ সব বাহিরের লোকের নিকটে বিক্রী করে। তাছাড়া প্রত্যেক গ্রামে গ্রামে যাইয়া ঐ সব কালোবাজারীরা অবাধে ধান ও চাউল কিনিয়া কেহ ঘোড়ার পিঠে, কেহ বোঝা মাথায় পায়ে হেঁটে এবং কেহ ট্রেণে পলাইয়া যাইতেছে। ফলে সরকার অনুমোদিত এজেণ্টদের কাছে জনসাধারণ সরকার নির্দ্ধারিত মূল্যে ধান চাউল বিক্রী বন্ধ করিয়া দিতেছে। এর ফলে ধান চাউলের মূল্য বৃদ্ধি তো হইবেই তাছাড়া যে সব গরীব লোককে ধান চাউল কিনিয়া খাইতে হয় তাহাদের পক্ষেও ধান চাউল কিনে খাওয়া কঠিন হয়ে পড়বে। এতদঞ্চলে ধান চাউল কিনে খায় ঐরূপ লোকের সংখ্যা অনেক। কিন্তু এই সব দুর্নীতির বিরুদ্ধে কিছু বলতে গেলে বা বাধা দিলে কালোবাজারের ক্রেতা বিক্রেতা উভয়েরই শত্রু হতে হচ্ছে। তাই এই সব দুর্নীতি-বাজদের মূল ঘাটির প্রতি কর্ত্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা একান্ত বাঞ্ছনীয়।

—'বীরভূম বার্ত্তা'




বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের
**আমলা** কেশ

(সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ,
জবাকুসুম হাউস, কলিকাতা-১২)

---

শীতে ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

**ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও**

**সাধনা ঔষধালয়ের প্রস্তুত**

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীনলিনীগোপাল সেন, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

---

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতায় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

| সিটি সেলস অফিস | সেলস অফিস ও শোরুম |
|---|---|
| ৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯ | ৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬ |
| টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি: | ফোন: ৫৫-৪৩৬৬ |

---

## আর. পি ওয়াচ কোং

পোঃ রঘুনাথগঞ্জ — জেলা মুর্শিদাবাদ।

ছোট বড় যে কোন ঘড়ি, দেওয়াল ঘড়ি ও হাতঘড়ি সুলভে নির্ভরযোগ্য মেরামতের জন্য আর. পি. ওয়াচ কোং র দোকানে পাঠিয়ে দিন। বিনীত—শ্রীশঙ্করপ্রসাদ ভকত

---

দাঁত তোলানোর ও বাঁধানোর

নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

## ডেণ্টাল ক্লিনিক

ডাক্তার শ্রীদীনেশকুমার প্রামাণিক, ডেণ্টাল সার্জ্জেন

পোঃ জিয়াগঞ্জ — মুর্শিদাবাদ

---

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

**ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের**

## পামারি

চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহৌষধ

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ



***জঙ্গিপুর সংবাদ*** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ৩'০০ তিন টাকা অগ্রিম দেয়, প্রতি সংখ্যা দশ পয়সা

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ পয়সা। প্রতিবার প্রতি সেন্টিমিটার ১'০০ এক টাকা। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন।

ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।